সেনবাগ উপজেলা পরিষদ
সেনবাগ, নোয়াখালী
www.senbug.noakhali.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং : ৪৬.২০.৭৫৮০.০০২.১৪.০০০.২২-

তারিখ : ৩১ আগস্ট ২০২২ খ্রি:

প্রশিক্ষণার্থী ভর্তি বিজ্ঞপ্তি

সেনবাগ উপজেলায় চলমান "উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প" (ইউজিডিপি) এর আওতায় ২৫ জন শিক্ষিত বেকার যুবক-যুবতীদের "গ্রাফিক্স ডিজাইন" বিষয়ক ১৪ দিনের প্রশিক্ষণে অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষিত বেকার যুবক-যুবতীদের নিকট থেকে আগামী ১০ সেপ্টেম্বর ২০২২ খ্রিঃ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

যে যোগ্যতা একজন প্রশিক্ষণার্থীর অবশ্যই থাকতে হবে	১. প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা এইচ,এস,সি/ সমমান হতে হবে
	২. বেসিক আইসিটি/কম্পিউটারে অফিস প্রোগ্রামে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে
	৩. প্রশিক্ষণার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং প্রশিক্ষণে প্রতিদিন উপস্থিত থাকতে হবে
	৪. প্রশিক্ষণে প্রতিদিন প্রশিক্ষণার্থীকে ল্যাপটপ ও মডেম নিয়ে আসতে হবে
	৫. প্রশিক্ষণকাল ব্যতিত নিজ বাড়ীতে/অন্যত্র অনুশীলন করার ব্যবস্থা আছে এমন প্রশিক্ষণার্থীকে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী :

১। আবদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদের সত্যায়িত কপি, ০৩ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, মোবাইল নম্বার, ই-মেইল আইডিসহ নিজস্ব ঠিকানা সম্বলিত খামে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত তারিখের মধ্যে জমা দিতে হবে।

২। প্রশিক্ষণার্থীদের অবশ্যই সেনবাগ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৩। নিজ এলাকার স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা/ নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে দাখিল করতে হবে।

৪। ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করা যাবে। তবে বর্ণিত সময়সীমার মধ্যে অবশ্যই অত্রাফিসে পৌছাতে হবে। নির্দিষ্ট সময়সীমার পর কোন আবেদন গ্রহণ করা হবেনা। ত্রুটিপূর্ণ এবং অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গন্য হবে।

৫। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার জন্য ডাকা হবে। পরীক্ষার তারিখ ও সময় নিম্নস্বাক্ষকারীর কার্যালয়ের নোটিশ বোর্ডে পরবর্তিতে প্রকাশ করা হবে। এজন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবেনা।

৬। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ শেষে প্রকল্পের নিয়মানুযায়ী ভাতা প্রদান করা হবে।

৭। আবেদনপত্র পাঠানোর ঠিকানা : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সেনবাগ, নোয়াখালী।
: উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, সেনবাগ, নোয়াখালী।

৩১/৮/২০২২

(নাজমুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
সেনবাগ, নোয়াখালী

বিতরণ :

১। চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী
২। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী
৩। চেয়ারম্যান, ... ইউপি, সেনবাগ, নোয়াখালী
৪। উপজেলা ..... কর্মকর্তা, সেনবাগ, নোয়াখালী
৫। www.senbug.noakhali.gov.bd
৬। নোটিশ বোর্ড